রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**অধিশাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২২ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩০৬-আইন/২০১৭।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, টি প্যাকেটিং ইন্ডাস্ট্রিজ শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরির হার, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, নির্ধারণ করিল, যথা :—

**তফসিল-ক**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মজুরি টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরির ৪০%) | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক যাতায়াত ভাতা | মাসিক সর্বমোট মজুরি টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | **উচ্চতর দক্ষ (গ্রেড-১) :**<br>১। মেন্টেন্যান্স ইন-চার্জ<br>২। সিনিয়র মেকানিক | ৯০০০/- | ৩৬০০/- | ৭০০/- | ৫০০/- | ১৩,৮০০/- |
| ২ | **দক্ষ-১ (গ্রেড-২) :**<br>১। ডেপুটি মেন্টেন্যান্স ইন-চার্জ<br>২। মেকানিক<br>৩। সিনিয়র মেশিন অপারেটর<br>৪। সিনিয়র জেনারেটর অপারেটর<br>৫। সিনিয়র ইলেকট্রিশিয়ান | ৭২০০/- | ২৮৮০/- | ৭০০/- | ৫০০/- | ১১,২৮০/- |


মূল্য ঃ টাকা ৮.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৩ | **দক্ষ-২ (গ্রেড-৩) :**<br>১। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>২। চেকার<br>৩। জুনিয়র মেকানিক<br>৪। প্যাকার লিডার<br>৫। প্লাম্বার<br>৬। মেকানিক্যাল টেকনিশিয়ান<br>৭। জেনারেটর অপারেটর<br>৮। কার্পেন্টার | ৬২৬৫/- | ২৫০৬/- | ৭০০/- | ৫০০/- | ৯,৯৭১/- |
| ৪ | **আধা-দক্ষ (গ্রেড-৪) :**<br>১। জুনিয়র জেনারেটর অপারেটর<br>২। জুনিয়র ইলেকট্রিশিয়ান<br>৩। প্যাকার<br>৪। ওয়েম্যান (ওজনদার)<br>৫। সিলিংম্যান<br>৬। অপারেটর হেলপার<br>৭। ব্লেন্ডিংম্যান<br>৮। অয়েলম্যান<br>৯। ইলেকট্রিক হেলপার | ৫৪৪৫/- | ২১৭৮/- | ৭০০/- | ৫০০/- | ৮,৮২৩/- |
| ৫ | **অদক্ষ (গ্রেড-৫) :**<br>১। জুনিয়র প্যাকার<br>২। সাধারণ শ্রমিক<br>৩। ঝাড়ুদার | ৪২০০/- | ১৬৮০/- | ৭০০/- | ৫০০/- | ৭,০৮০/- |
| ৬ | ● **শিক্ষানবিশ :**<br>শিক্ষানবিশীকালে একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পাইবেন। তাহার শিক্ষনিবিশীকাল হইবে ৩ (তিন) মাস :<br>তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশীকাল আরও ৩(তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে, তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল-খ**

| ক্রমিক নং | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি টাকা | মাসিক বাড়ী ভাড়া ভাতা (মূল মজুরির ৪০%) | মাসিক চিকিৎসা ভাতা টাকা | মাসিক যাতায়াত ভাতা টাকা | মাসিক সর্বমোট মজুরি টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | **গ্রেড-১ 'এ' :**<br>১। ভ্যাট ইনচার্জ<br>২। স্টোর ইনচার্জ<br>৩। ডেসপাস ইনচার্জ<br>৪। গোডাউন ইনচার্জ<br>৫। প্রোডাকশন ইনচার্জ<br>৬। ব্লেন্ডিং ইনচার্জ<br>৭। ওয়েজেস ইনচার্জ<br>৮। ক্যাশ ইনচার্জ<br>৯। সিনিয়র সুপারভাইজার<br>১০। সিনিয়র একাউন্টস ক্লার্ক | ১২,০০০/- | ৪৮০০/- | ৭০০/- | ৫০০/- | ১৮,০০০/- |
| ২ | **গ্রেড-১ 'বি' :**<br>১। ডেপুটি ভ্যাট ইনচার্জ<br>২। ডেপুটি স্টোর ইনচার্জ<br>৩। ডেপুটি ডেসপাস ইনচার্জ<br>৪। ডেপুটি গোডাউন ইনচার্জ<br>৫। ডেপুটি প্রোডাকশন ইনচার্জ<br>৬। ডেপুটি ব্লেন্ডিং ইনচার্জ<br>৭। ডেপুটি ক্যাশ ইনচার্জ<br>৮। ডেপুটি ওয়েজেস ইনচার্জ<br>৯। গোডাউন সুপারভাইজার<br>১০। প্রোডাকশন সুপারভাইজার | ১০,৫০০/- | ৪২০০/- | ৭০০/- | ৫০০/- | ১৫,৯০০/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ৩ | **গ্রেড-১ 'সি' :**<br>১। সহকারী ভ্যাট ইনচার্জ<br>২। সহকারী স্টোর ইনচার্জ<br>৩। সহকারী ডেসপাস ইনচার্জ<br>৪। সহকারী গোডাউন ইনচার্জ<br>৫। সহকারী প্রোডাকশন ইনচার্জ<br>৬। সহকারী ক্যাশ ইনচার্জ<br>৭। সহকারী ওয়েজেস ইনচার্জ | ৯০০০/- | ৩৬০০/- | ৭০০/- | ৫০০/- | ১৩,৮০০/- |
| ৪ | **গ্রেড-২**<br>১। একাউন্টস ক্লার্ক<br>২। স্টোর কীপার<br>৩। সুপারভাইজার<br>৪। ক্যাশিয়ার<br>৫। বিল ক্লার্ক | ৭২০০/- | ২৮৮০/- | ৭০০/- | ৫০০/- | ১১,২৮০/- |
| ৫ | **গ্রেড-৩**<br>১। ব্লেন্ডিং সুপারভাইজার<br>২। কোয়ালিটি কন্ট্রোল সুপারভাইজার<br>৩। ড্রাইভার<br>৪। এটেনডেন্স ক্লার্ক<br>৫। গোডাউন ক্লার্ক<br>৬। সহকারী স্টোর কিপার<br>৭। কম্পিউটার অপারেটর<br>৮। গোডাউন এসিসট্যান্ট<br>৯। জুনিয়র ক্লার্ক<br>১০। ডেসপাস ক্লার্ক | ৬২৬৫/- | ২৫০৬/- | ৭০০/- | ৫০০/- | ৯,৯৭১/- |
| ৬ | **গ্রেড-৪**<br>১। ডেসপাস সহকারী<br>২। ডেসপাস ম্যান<br>৩। সিনিয়র সার্ভিস এ্যাসিস্ট্যান্ট | ৫৪৪৫/- | ২১৭৮/- | ৭০০/- | ৫০০/- | ৮,৮২৩/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| | ৪। বাবুর্চি<br>৫। জুনিয়র সুপারভাইজার<br>৬। জমাদার<br>৭। টাইম কিপার | | | | | |
| ৭ | **গ্রেড-৫ :**<br>১। টি বয়<br>২। পিয়ন<br>৩। নাইট গার্ড<br>৪। দারোয়ান<br>৫। ডেলিভারি ম্যান<br>৬। ভ্যানম্যান<br>৭। ট্রাক সহকারী<br>৮। জুনিয়র সার্ভিস এসিস্ট্যান্ট<br>৯। ক্লিনার<br>১০। মালি<br>১১। সুইপার<br>১২। হেলপার<br>১৩। সহকারী বাবুর্চি<br>১৪। ড্রাইভার এসিস্ট্যান্ট | ৪৯৫০/- | ১৯৮০/- | ৭০০/- | ৫০০/- | ৮,১৩০/- |
| ৮ | ● শিক্ষানবিশ:<br>শিক্ষানবিশীকালীন একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৫,৯০০/- (পাঁচ হাজার নয়শত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিশীকাল হইবে ০৬ (ছয়) মাস। শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে, তিনি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

## শর্তাবলী

(১) যদি টি প্যাকেটিং ইন্ডাস্ট্রিজ শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ শ্রমিকগণকে ফুরণ ভিত্তিক (Piece Rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে উক্ত মজুরির হার এই সুপারিশ মোতাবেক প্রচলিত শ্রম আইন অনুযায়ী এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম না পান।

(২) এই প্রজ্ঞাপন কার্যকর হইবার পর টি প্যাকেটিং ইন্ডাস্ট্রিজ শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ তফসিল ক ও খ তে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরি রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরি স্লিপ প্রদান করিবেন।

(৩) তফসিল ক ও খ তে বর্ণিত মজুরি শ্রমিকগণের নিম্নতম মজুরি হিসাবে গণ্য করা হইবে। প্রদেয় মজুরি এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরি হইতে কম হইবে না। উক্ত মজুরি অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরি প্রদান করা হইয়া থাকে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজ উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক বা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

(৪) যদি কোনো টি প্যাকেটিং ইন্ডাস্ট্রিজ শিল্প প্রতিষ্ঠানে ঠিকাদারের মাধ্যমে কোনো শ্রমিক নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকেন, তাহা হইলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" হিসাবে গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকগণের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত ইন্ডাস্ট্রিজ শিল্প প্রতিষ্ঠানের কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে, তাহার দায়-দায়িত্ব মালিকগণের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক শ্রমিকগণের জন্য সুপারিশকৃত মজুরি অপেক্ষা কোনক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

(৫) এই প্রজ্ঞাপনের তফসিল ক ও খ এ উল্লিখিত শ্রমিকগণ বর্তমানে যে গ্রেডে আছেন সেই গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া তফসিল ক ও খ তে উল্লিখিত মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহাদের স্ব স্ব মজুরি নির্ধারিত হইবে। কোনো শ্রমিককে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

(৬) টি প্যাকেটিং ইন্ডাস্ট্রিজ শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকগণ প্রতি বৎসর মূল মজুরির ৫% (শতকরা পাঁচ ভাগ) বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন।

(৭) তফসিল ক ও খ এ উল্লিখিত নিম্ন মজুরি ও সুবিধাদি ব্যতীত শ্রমিকগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা/ভাতা প্রাপ্য হইয়া থাকেন, তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

(৮) টি প্যাকেটিং ইন্ডাস্ট্রিজ শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

(৯) এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোন শর্তাদি বিদ্যমান কোনো আইনের সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

(১০) তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদির মেয়াদকাল বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

২। এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে প্রজ্ঞাপন এস,আর,ও নং ১১৬-আইন/২০০৮/শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-১১/২০০৮, তারিখ ০৬ জ্যৈষ্ঠ, ১৪১৫ বঙ্গাব্দ/২০মে,২০০৮ খ্রিস্টাব্দ এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,টি,এম সাইফুল ইসলাম**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd